



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।
www.atu.police.gov.bd



পিআর ৮২/২১

তারিখঃ ১৪ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ
৩০ অক্টোবর, ২০২১ খ্রিঃ

প্রেস বিজ্ঞপ্তি

**বিষয় : এন্টি টেররিজম ইউনিট কর্তৃক বিশেষ অভিযানে “আনসার আল ইসলাম” এর ০৫(পাঁচ) সদস্য
গ্রেফতার।**

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর চৌকস দল গোপন সংবাদের ভিত্তিতে গত ২৮ অক্টোবর থেকে ২৯ অক্টোবর রাত ১০:৩০ পর্যন্ত ২৪ ঘন্টায় বিশেষ অভিযান পরিচালনা করে নিষিদ্ধ জঙ্গী সংগঠন “আনসার আল ইসলাম” এর ০৫ (পাঁচ) সক্রিয় সদস্যকে গ্রেফতার করে। প্রথমে অভিযান পরিচালনা করে ডিএমপি, ঢাকার শেরে বাংলা নগর এলাকা হতে (১) মোঃ মিঠুন রহমান @মিঠু (২৯), পিতা: মো: আব্দুল হামিদ সরদার, মাতা: মোছা: মর্জিনা বেগম, স্থায়ী ঠিকানাঃ সাং- নারিকেলী, ইউপি/পো: সখীপুর, থানা-দেবহাটা, জেলা- সাতক্ষীরা, বিভাগ-খুলনা, বর্তমান ঠিকানা: সাং- নুরজাহান রোড, বিল্ডিং নাম্বার-৪১ (৩য় তলা), থানা-মোহাম্মদপুর, জেলা-ঢাকা-কে গ্রেফতার করা হয়। সে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (সরকারি ডিগ্রী কলেজ), কালিগঞ্জ, সাতক্ষীরা ইন্টার ২য় বর্ষের শিক্ষার্থী। গ্রেফতারকালে তার নিকট থেকে ০১ টি এন্ড্রয়েড মোবাইল সেট এবং ০৫টি উগ্রবাদী বই জব্দ করা হয়েছে।

গ্রেফতারকৃত আসামীর দেয়া তথ্য মতে ঢাকা জেলার কেরানীগঞ্জ মডেল থানাধীন হযরতপুর এলাকায় অভিযান পরিচালনা করে নিষিদ্ধ জঙ্গি সংগঠন আনসার আল ইসলাম এর আরও ০১ (এক) সক্রিয় সদস্যকে গ্রেফতার করে। আটককৃত সদস্য হলো- (২) সাকিব আল হাসান (১৯), পিতা: সারফুর ইসলাম খান, মাতা: মোছা: ছালমা, বর্তমান ঠিকানা: সাং- কাজীকান্দি (হযরতপুর বাজার), ইউপি-হযরতপুর, থানা- কেরানীগঞ্জ মডেল, জেলা-ঢাকা, স্থায়ী ঠিকানা: গ্রাম: তললী, ইউপি-নিগুয়ারী, থানা-গফরগাঁও, জেলা-ময়মনসিংহ। গ্রেফতারকালে তার নিকট থেকে ০১ টি এন্ড্রয়েড মোবাইল সেট এবং ০২ টি উগ্রবাদী বই জব্দ করা হয়েছে।

গ্রেফতারকৃত উভয় আসামীর দেওয়া তথ্য মতে আরো ০৩(তিন) জন সক্রিয় সদস্যকে গ্রেফতার করা হয়। তারা হলো- (৩) মোহাম্মদ আব্দুস শুকুর সোহাগ (২১), পিতা- মৃত আব্দুল মান্নান, মাতা- তাহেরা বেগম, ঠিকানা: গ্রাম: ধুলিয়াখাল, থানা- হবিগঞ্জ সদর, জেলা: হবিগঞ্জ। সে আলিয়া মাদ্রাসা, হবিগঞ্জ সদর থেকে দাখিল পাস করেছে। গ্রেফতারকৃত (৪) মোহাম্মদ জাবের (২৫), পিতা- মৃত আবুল কাশেম, মাতা- আছিয়া খাতুন, ঠিকানা: গ্রাম- মান্দারী, লক্ষীপুর। থানা- চন্দ্রগঞ্জ, জেলা: লক্ষীপুর, সে চতুর্থ শ্রেণি পাস। গ্রেফতারকৃত (৫) মোহাম্মদ ওমর ফারুক (১৯), পিতা- আলী আহম্মাদ, মাতা- জেসমিন বেগম, স্থায়ী ঠিকানা: গ্রাম- গাবিন্দপুর, থানা- হাজিগঞ্জ, জেলা: চাঁদপুর। বর্তমান ঠিকানা: ২৪ পুরানা পল্টন, ডক্টর নওয়াব আলী টাওয়ার, থানাঃ পল্টন, ডিএমপি, ঢাকা, সে হাফিজিয়া মাদ্রাসায় পড়াশোনা করছে। এদের মধ্যে মোহাম্মদ আব্দুস শুকুর সোহাগ ও মোহাম্মদ জাবের ২৯ অক্টোবর উগ্রবাদ সংক্রান্ত ভবিষ্যৎ পরিকল্পনা করার জন্য হবিগঞ্জ ও লক্ষীপুর থেকে ঢাকায় এসেছিল। গ্রেফতারকালে তাদের নিকট থেকে ০৩ টি এন্ড্রয়েড মোবাইল সেট এবং ০১ টি বাটন মোবাইল সেট জব্দ করা হয়েছে।

গ্রেফতারকৃত আসামীগণ ‘গাজওয়াতুল হিন্দ’ প্রতিষ্ঠার লক্ষ্যে অনলাইনে উগ্রবাদ প্রচারণাসহ রাষ্ট্রবিরোধী ষড়যন্ত্রের মাধ্যমে বাংলাদেশে খিলাফত প্রতিষ্ঠা করার উদ্দেশ্যে দীর্ঘ দিন ধরে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছিল। তারা সাধারণ মানুষের মধ্যে ধর্মীয় উগ্রবাদী মতাদর্শ প্রচার ও আতঙ্ক সৃষ্টির মাধ্যমে দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি এবং নাশকতার জন্য পরিকল্পনা, প্রশিক্ষণ ও প্রস্তুতি নেয়ার জন্য সিকিউরড টেলিগ্রাম গ্রুপ খুলে নিজেদের মধ্যে চ্যাটিং চালিয়ে যাচ্ছিল। তাছাড়া উগ্রবাদী বিভিন্ন বই ও বক্তৃতা অনলাইনে পোস্ট করে আগ্রহীদের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষাসহ তাদের উগ্রবাদের দিকে আহ্বান করে আসছিল গ্রেফতারকৃতরা।

গ্রেফতারকৃত “আনসার আল ইসলাম” এর সদস্যদের বিরুদ্ধে ডিএমপি, শেরে বাংলা নগর থানায় মামলা নং-৩৮, তাং-২৯/১০/২০২১খ্রিঃ, সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী-২০১৩)-এর ৮/৯(৩)/১০/১২/১৩ ধারায় নিয়মিত মামলা রঞ্জু করা হয়েছে। তাদের বিষয়ে পরবর্তী আইনানুগ কার্যক্রম প্রক্রিয়াধীন।


৩০/১০/২০২১

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস)

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ, ঢাকা

E-mail: atu.spma@police.gov.bd